আজকের কাগজ

তারিখ 16 NOV 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

23

বগুড়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ৪ ছাত্র বহিষ্কার

# অধ্যক্ষের আদালত অবমাননা

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ৪ জন শিক্ষার্থীকে অনিয়মতান্ত্রিকভাবে অধ্যক্ষ কর্তৃক বহিষ্কার করায় অধ্যক্ষসহ একাডেমিক কাউন্সিলের বিরুদ্ধে ২ জন ছাত্র বাদী হয়ে শোকজ একটি মামলা দায়ের করেছে। এ মামলার প্রেক্ষিতে আদালত অধ্যক্ষসহ একাডেমিক কাউন্সিল করলে তারা শোকজ অবমাননা করেন।

জানা গেছে, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ কোনোরূপ সর্তকীকরণ নোটিশ ছাড়াই অসদাচরন এবং আইন শৃংখলার পরিপন্থী কাজে জড়িত থাকার অভিযোগ এনে আরিফুজ্জামান, জাহাঙ্গীর আলম, শফিকুল ইসলাম মন্ডল, অটোমেটিভ ১ম বর্ষ, এবং জেনারেল মেকানিক্স ২য় বর্ষের ছাত্র মেহেদী হাসান ফিরোজ গত ১৫ অক্টোবর'৯২ স্মারক নং কাপ্রকেব/ ছাত্রাবাস ১ (১) প্রশা ৮৭ এর মাধ্যমে বহিষ্কার করেন। এই অনিয়মতান্ত্রিকভাবে বহিষ্কারের প্রেক্ষিতে মোঃ শফিকুল ইসলাম বাদী হয়ে গত ২১ /১০/৯২ এ অধ্যক্ষসহ ৮ সদস্যের একাডেমিক কাউন্সিলের বিরুদ্ধে এই বহিষ্কার আদেশ অবৈধ বলে বগুড়া জেলার ১ ম সহকারী জজ আদালতে একটি মামলা (নং ২৮৫/৯২) রুজু করে। উক্ত মামলার প্রেক্ষিতে আদালত অধ্যক্ষসহ একাডেমিক কাউন্সিলের সদস্যদের বিরুদ্ধে আগামী ৭ দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ বহিষ্কৃত ছাত্রদের পূর্বের মত স্বাভাবিকভাবে শিক্ষা গ্রহণের সুযোগ সুবিধা এবং আবাসিক হলে থাকার নির্দেশ প্রদান করেন। কিন্তু আদালতের এই নির্দেশ অমান্য করে অধ্যক্ষসহ একাডেমিক কাউন্সিলের সদস্যরা ছাত্রদের শিক্ষাগ্রহনে বাধা প্রদান করেন। পরবর্তীতে ছাত্ররা আদালত অবমাননার অভিযোগ এনে গত ৩১ /১০/৯২ –তারিখে। আরও একটি মামলা ( নম্বর ৭৭/৯২) দায়ের করে। এর প্রেক্ষিতে আদালত বিবাদীদের বিরুদ্ধে চূড়ান্ত নোটিশ প্রদান করেছেন। বগুড়া থেকে আরিফ রেহমান।